

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৩. ১. ৯. নিয়ম সিন্দুকে হাত দেওয়ার কারণে হত্যা

বাদশাহ দাউদ বনি-ইসরাইলদের মধ্য থেকে ত্রিশ হাজার মানুষ বাছাই করে তাদের সাথে ঈশ্বরের সিন্দুকটা নিয়ে জেরুজালেমে গমন করেন। একটা গাড়ির উপরে করে সিন্দুকটা নিয়ে যাওয়া হচ্ছিল। অবিনাদবের পুত্র উষ (Uzzah) গাড়িটার পিছে পিছে চলছিল। গানবাজনা করতে করতে এ মহামিছিল চলছিল। "নাখোনের খামারের কাছে আসলে পর গরু দু'টা উচোট খেল; তখন উষ হাত বাড়িয়ে আল্লাহর সিন্দুকটা ধরল। উষের এই ভয়হীন কাজের জন্য তার উপর মাবুদ রাগে জ্বলে উঠলেন। সেজন্য মাবদু তাকে আঘাত করলেন, আর তাতে সে মাবুদের সিন্দুকের পাশে মরে গেল।" (২ শামুয়েল ৬/৬-৭)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14532

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন